



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-২ (সমন্বয়, এপিএ ও আইসিটি)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব: www.techedu.gov.bd



স্মারক নং-৫৭.০৩.০০০০.০১১.০৫.০২১.২৩- ৬৬

তারিখ: ১৩/০৩/২০২৪ খ্রি.

বিষয়: আওতাধীন প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে অর্জিতব্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণ।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহের মধ্যে নিম্নোক্ত সূচকসমূহ আওতাধীন প্রতিষ্ঠানের মাধ্যমে অর্জিত হবে। নিম্নোক্ত সূচকসমূহের বিপরীতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নপূর্বক এতৎসঙ্গে সংযুক্ত নির্দেশিকার আলোকে প্রমাণক সংযুক্ত করে প্রতিবেদন আগামী ০৪ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	বাস্তবায়ন অগ্রগতি
[১.৮] শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রী/মহিলা শিক্ষার্থীদের জন্য (নামাজঘর/প্রার্থনারুম, কমনরুম) ইত্যাদি সুযোগ সুবিধা বৃদ্ধি	[১.৮.১] সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠান	২	
[১.৯] শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য (র‍্যাম্প/ হইল চেয়ার/ রেইল/ ওয়াশরুম) ইত্যাদি সুযোগ সুবিধা বৃদ্ধি	[১.৯.১] সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠান	২	
[১.১০] কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ভাবমূর্তির উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে প্রচার	[১.১০.১] প্রচার কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান	২	
[২.১] শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন	[২.১.১] ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত	২	
[২.২] মুক্তিযুদ্ধ ও দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধকরণের জন্য শিক্ষার্থীদের অংশগ্রহণে সন্মাস/জঙ্গীবাদ/সাম্প্রদায়িকতা বিরোধী সভা/সেমিনার আয়োজন	[২.২.১] সভা/সেমিনার আয়োজিত	২	
[৪.৪] চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববাজারের উপযোগী ল্যাব/ ওয়ার্কসপ আধুনিকায়ণ	[৪.৪.১] ল্যাব/ওয়ার্কসপের সংখ্যা	২	

উল্লেখ্য যে, যদি কোন সূচকের বিপরীতে এ পর্যন্ত কোন কার্যক্রম গ্রহণ করা না হয়ে থাকে তবে তা জুন ২০২৪ মাসের পূর্বেই বাস্তবায়ন করতে হবে।


(নিজাম উদ্দিন আহমেদ)

সহকারী পরিচালক

ই-মেইল: dte.ad2@gmail.com

ফোন: ৮৮৪১০২৪৫৯২-০২-

অধ্যক্ষ


টিটিটিসি/ইঞ্জিনিয়ারিং কলেজ/পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউট/ভিটিটিআই/টিএসসি (সকল)।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১১.০৫.০২১.২৩- ৬৬ (৫)

তারিখ: ১৩/০৩/২০২৪ খ্রি.

অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। উপসচিব (এপিএ, এনআইএস, ইনোভেশন ও এসডিজি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট সকলের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৫। সংরক্ষণ নথি।


(নিজাম উদ্দিন আহমেদ)

সহকারী পরিচালক